ময়মনসিংহে যুবদলের ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বর্নাঢ্য শোভাযাত্রা

আইয়ুব আলী ময়মনসিংহ:: ময়মনসিংহে জাতীয়তাবাদী যুবদলের ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে সমাবেশ ও বর্নাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। দুপুরে নগরীর টাউন হল চত্বরে সংক্ষিপ্ত সমাবেশ করে দক্ষিণ জেলা যুবদল। সমাবেশে দক্ষিন জেলা যুবদলের ভারপ্রাপ্ত সভাপতি রিয়াজুল কবীর মামুনের সভাপতিত্বে ও অ্যাডভেকেট দিদারুল ইসলাম রাজুর সঞ্চালনায় প্রধান অতিথি ছিলেন ময়মনসিংহ দক্ষিন জেলা বিএনপির আহবায়ক জাকির হোসেন বাবলু। বক্তব্য রাখেন দক্ষিন জেলা বিএনপির সদস্য সচিব রোকনুজ্জামান সরকার রোকনসহ নেতৃবৃন্দ। সমাবেশ শেষে বেলুন উড়িয়ে শোভাযাত্রার উদ্বোধন করেন ময়মনসিংহ দক্ষিন জেলা বিএনপির আহবায়ক জাকির হোসেন বাবলু। পরে শোভাযাত্রাটি নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে